



রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক

প্রধান কার্যালয়, রাজশাহী

ঋণ ও অগ্রিম বিভাগ-১

ফোন : ০২৪৭-৮৬০৫১৫
ই-মেইল : dgmlad1@rakub.org.bd
ওয়েব সাইট : www.rakub.org.bd

“রাকাব এর প্রতিশ্রুতি, শূন্যের কোঠায় দুর্নীতি সহজ শর্তে কৃষি ঋণ, বদলে যাবে সবার দিন”

ঋণওঅবি-১ সার্কুলার লেটার নং-০৩/২০১৮

তারিখ : ১৫.০৭.২০১৮

সকল শাখা ব্যবস্থাপক

সকল জোনাল ব্যবস্থাপক

রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক

বিষয় : ঋণ ঝুঁকি ব্যবস্থাপনা গাইডলাইন প্রসঙ্গে।

প্রিয় মহোদয়

ঋণ ঝুঁকি ব্যবস্থাপনার বিভিন্নমুখী বাস্তবসম্মত পদক্ষেপ গ্রহণের মাধ্যমে বিনিয়োগ সংক্রান্ত ঝুঁকি হ্রাস ও মুনাফা অর্জন একটি ব্যাংকের প্রত্যাশিত সাফল্য বয়ে আনতে পারে। বাংলাদেশ ব্যাংকের সাথে সম্পাদিত সমঝোতা স্মারক (MOU) এবং এ ব্যাংকের ঝুঁকিমুক্ত বিনিয়োগ নিশ্চিত করার লক্ষ্যে ২০১১ সালে ‘ক্রেডিট রিস্ক ম্যানেজমেন্ট গাইড লাইন’ প্রণয়ন করে তা মার্চ পর্যায়ে জারী করা হয়। ইতোমধ্যে প্রায় সাত বছর অতিক্রান্ত হয়েছে। সময় পরিবর্তনের সাথে সাথে ব্যাংকের কাজের পরিধি যেমন বেড়েছে, তেমনি ব্যাংকের কার্যক্রমের পদ্ধতি এবং নতুন নতুন ধারা সংযোজিত হয়েছে। এতে করে ব্যাংক ব্যবসায় নতুন নতুন ঝুঁকির উদ্ভব হয়েছে।

০২। ব্যাংক ব্যবসার সাথে ঝুঁকিসমূহ আরো কার্যকর ও ফলপ্রসূভাবে মোকাবেলা করার জন্য বাংলাদেশ ব্যাংকের ব্যাংকিং প্রতিধি ও নীতি বিভাগের ০৮.০৩.২০১৬ তারিখের বিআরপিডি সার্কুলার নং ০৪ এর নির্দেশনা অনুসরণে এ ব্যাংকের বিদ্যমান ‘ক্রেডিট রিস্ক ম্যানেজমেন্ট গাইড লাইন’ প্রয়োজনীয় সংশোধন, সংযোজন ও পরিমার্জন করা হয়েছে যা গত ২২.০৫.২০১৮ তারিখে অনুষ্ঠিত রাকাব পরিচালনা পর্ষদের ৪৭৭তম সভায় অনুমোদিত হয়েছে।

০৩। এমতপ্রেক্ষিতে ব্যাংকের বিনিয়োগ নিরাপদ ও ঝুঁকিমুক্ত রাখার মাধ্যমে লাভজনকতা নিশ্চিত করার লক্ষ্যে আলোচ্য গাইডলাইনের নির্দেশাবলী যথাযথভাবে পরিপালনের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো।

আপনার বিশ্বস্ত

(জগন্নাথ ঘোষ)

উপ-মহাব্যবস্থাপক

সূত্র নং- প্রকা/ঋণওঅবি-১/৪৬/২০১৮-২০১৯/৫৬(৪৪৪)

তারিখ : ১৫

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলো :

- ০১। স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
- ০২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
- ০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
- ০৪। মহাব্যবস্থাপক মহোদয়ের স্টাফ অফিসার, রাকাব বিভাগীয় কার্যালয়, রাজশাহী/রংপুর।
- ০৫। সকল উপ-মহাব্যবস্থাপক/সচিব/বিভাগীয় প্রধান, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
- ০৬। অধ্যক্ষ, রাকাব, প্রশিক্ষণ ইনস্টিটিউট, রাজশাহী।
- ০৭। বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, রাকাব, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, রাজশাহী/রংপুর।
- ০৮। উপ-মহাব্যবস্থাপক, রাকাব, ঢাকা কর্পোরেট শাখা, ঢাকা/ ব্যবস্থাপক, রাকাব, স্থানীয় মুখ্য কার্যালয়, রাজশাহী।
- ০৯। প্রকল্প পরিচালক, এসইসিপি, সিপিও, উপশহর, রাজশাহী।
- ১০। সহকারী মহাব্যবস্থাপক, ঝুঁকি ব্যবস্থাপনা ইউনিট, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
- ১১। সকল জোনাল নিরীক্ষা কর্মকর্তা, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক।
- ১২। অফিস নথি/মহানথি।

(মোঃ আব্দুল ওয়াহাব)

সহকারী মহাব্যবস্থাপক